RB/2004.05/490
DBOD.NO.2eg.BC 95/09.07.005/2004-05

জুন ৯, ২০০৫

সকল তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকের চেয়ারম্যান/সি-ই-ও গণের প্রতি

মাননীয় মহাশয়,

**মৃত বিনিয়োগকারীগনের উত্তরাধিকার সংক্রান্ত দাবীর সরলীকরণ**

জনসাধারনের পরিষেবার উন্নতিকরণের প্রচেষ্টায়, ভারতীয় রিজার্ভ ব্যাংক কর্তৃক ৩রা নভেম্বর ২০০৩ এ তাদের অ্যানুয়াল পলিসির মধ্যবর্তীকালীন রিভিউকালীন গঠিত কমিটি, পসিডিয়র অ্যান্ড পারফরম্যানস অডিট অন পাবলিক সার্ভিস (সি-পি-পি-এ-পি-এস) এর ঘোষনার দিকে দৃষ্টি আকর্ষনকরা হচ্ছে।এই কমিটি ব্যাঙ্কিং অপারেশন: ডিপোজিট অ্যাকাউন্ট অ্যান্ড আদার ফেসিলিটি বিভিন্ন স্বাতন্ত্র (অব্যবসায়িক) ক্ষেত্রে এর উপর তাদের ৩নং রিপোর্টের মধ্যে মৃত বিনিয়োগকারীর পরিবারের উপর প্রয়োগীকৃত জটিল পদ্ধতি থেকে ঐ পরিবারের সদস্যদের মুক্তি দেবার কথা বলেছে। যদিও সারকুলার নং DBOD.BC.148/09.07.007/99-2000, ১৪ই মার্চ,২০০০ এবং BC 56/09.07.007/2000-01, ৬ই ডিসেম্বর ২০০০ এর মাধ্যমে মৃত বিনিয়োগকারীগনের উত্তরাধিকার সংক্রান্ত করনীয় সম্পর্কে ব্যাংকগুলিকে অবগত করা হয়েছিল। এ বিষয়ে সি-পি-পি-এ-পি-এস এর সুপারিশের ভিত্তিতে বর্তমানের ব্যবহৃত আইন সমূহের পর্যালোচনা এবং অপ্রয়োজনীয় আইন সমূহের **বাতিলের** মাধ্যমে মৃত বিনিয়োগকারীর উত্তরাধিকার সংক্রান্ত বিষয়টিকে সহজ ও ঝঞ্ঝাটহীন করতে চাওয়া হচ্ছে।

২। **ডিপোজিট অ্যাকাউন্টের পাওনা আধিগ্রহণ**

**(ক) সারভাইভর/নমিনিদের সঙ্গে অ্যাকাউন্ট**

২.১ কোন ডিপোজিট অ্যাকাউন্টের হোল্ডার যদি নামাঙ্কনের সুবিধা গ্রহণ করে একটি গ্রহণযোগ্য নামাঙ্কন করে থাকেন অথবা জীবিতকালীন এর দ্বারা অ্যাকাউন্টটি খুলে থাকেন (‘আইদার অর সারভাইভার’ ,অথবা ‘এনি ওয়ান অর সারভাইভার’অথবা ‘ফরমার সারভাইভার’ অথবা ‘ল্যাটার সারভাইভার’) সেক্ষেত্রে নমিনি/সারভাইভরকে ঐ অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যুর পর অ্যাকাউন্টের অর্থ সমূহ প্রাপ্তির জন্য ব্যাংকের বাধ্যবাধতা অনুসারে প্রয়োজনীয় নথি পত্র জমা দিতে হবে।

(অ) ব্যাংকগুলি সতর্কতার সঙ্গে বিশেষ যত্ন সহকারে সারভাইভর/নোমিনির গ্রহনযোগ্য পরিচয় পত্র এবং অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যু সংক্রান্ত বিষয়ে যাবতীয় তথ্য গ্রহণ করেছে।

(আ) মৃতব্যক্তির অ্যাকাউন্টের কোন রকম প্রদেয় আটকিয়ে রাখার ব্যাংকের কোন আইনগত অধিকার নেই।

(ই) এটা সারভাইভর/নমিনিদের কাছে স্পষ্ট করতে হবে যে তারা মৃত বিনিয়োগকারীর ট্রাষ্টি হিসাবে তারা ব্যাংকের কাছ থেকে প্রদেয় গ্রহণ করবেন এবং এ ব্যপারে কোন ব্যক্তির অভিযোগ সারভাইভার/নমিনিদের প্রদেয়র প্রতি অধিকার বিঘ্নিত করবে না।

২.২ জানানো যাচ্ছে যে , সারভাইভর/নমিনিদের পেমেন্ট দেওয়ার ক্ষেত্রে পূর্ববতী শর্তগুলি ব্যাংকের বাধ্যবাধকতা বৃদ্ধি করেছে, এ সম্বন্ধীয় উপস্থাপিত আইনগুলি প্রয়োজনাতিরিক্ত এবং অবাঞ্চিত, যা কাছে অকারণে ব্যাঘাত সৃষ্টি করে। ব্যাংক সম্পূর্ণ নিরপেক্ষ ভাবে অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যুর পর তাঁর সম্পূর্ন আমানত, **তার রাশি যাই হোক না কেন** দাবীরে সত্যতা প্রমাণ বা পরবতী কালে ক্ষতিপূরনের মুচলেকা বা সারভাইভর/নমিনি সম্পর্কে নিশ্চিত করণ বা অন্যান্য প্রশাসনিক চাহিদা পূরণের ভিত্তিতে তার নমিনি/সারভাইভরদের দিয়ে দেবে।

**(খ) নমিনি/সারভাইভর ব্যতীত অ্যাকাউন্ট**

২.৩ ''আইদার অর সারভাইভার''ছাড়াও যে সব ক্ষেত্রে মৃত বিনিয়োগকারী অ্যাকাউন্টের (সিঙ্গেল বা জয়েন্ট) কোন নমিনি নির্বাচন করবেন না সে সব ক্ষেত্রেও জনসাধারনের ঝামেলা এবং অযৌক্তিক হয়রানি এড়াবার জন্য ব্যাংকে উক্ত অ্যাকাউন্ট হোল্ডারের উত্তরাধিকার সম্পর্কিত বিষয়টিকে জানা রাখতে বলা হয়েছে।এই সম্পর্কে ব্যাংকগুলিকে তাদের রিস্ক ম্যানেজমেন্ট সিস্টেম কে বিনিয়োগকারীর মৃত্যুর পর (যে ক্ষেত্রে নিদিষ্ট ম্যাচিওরিটির আগেই মৃত্যু হবে) প্রদেয় টাকার একটি নির্দিষ্ট সীমা নির্ধারণ করতে বলা হচ্ছে যে সীমা পর্যন্ত টাকা ঐ বিনিয়োগকারী কোন উত্তরাধিকার সংক্রান্ত প্রমান ছাড়াই শুধুমাত্র চিঠির ভিত্তিতে জমা রাখতে পারবেন।

৩। <u>মেয়াদি আমানতের মেয়াদপূর্তীর আগে ভাঙানো</u>

টার্ম ডিপোজিটের ক্ষেত্রে এই অ্যাকাউন্ট খোলার সময়ে ব্যাংকে বিভিন্ন টার্ম ডিপোজিটগুলোকে একত্রিত করতে বলা হচ্ছে।কোন প্রিম্যাচিওর উইথড্রলের অনুমতি দেওয়া হলে সেই অ্যাকাউন্ট খোলার সময় এই শর্তাদি প্রযোজ্য।এই প্রিম্যাচিওর উইথড্রল কোন পিনাল চার্জের দ্বারা প্রভাবিত হবে না।

৪। <u>মৃত ব্যক্তির অ্যাকাউন্টের অর্থের প্রবাহের আচরণ</u>

মৃত ডিপোজিট অ্যাকাউন্ট হোল্ডারদের সারভাইভর/নমিনিদের কষ্ট লাঘব করার জন্য ব্যাংকেদের উপদেশ দেওয়া হয় যে আগে থেকেই যে সঠিক চুক্তি/অনুমোদন হস্তগত করার জন্য বলা হচ্ছে তা নিম্নরূপ-

- ব্যাংকের অনুমোদিত হয় সারভাইভর/নমিনিদের সম্বন্বয় এইরূপ একটি অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে যে ''মৃত শ্রী______________________ -এর সম্পত্তি'' এই ধরনের হলকনামা দিতে হবে। এই অ্যাকাউন্টের যাবতীয় অর্থ সারভাইভর/নমিনিদের কতৃক প্রাপ্ত হলেও কোন উইথড্রল করা যায় না।

অথবা

- ব্যাংকের অনুমোদিত হয় বা সারভাইভর/নমিনিদের দ্বারা ঐ মৃত ব্যক্তির অ্যাকাউন্টের সমস্ত অর্থ প্রাপ্ত ব্যক্তিকে দিতে এই রূপ মন্তব্য সহ ''অ্যাকাউন্টধারী মৃত'' এবং নমিনিদের এইভাবে জানাতে।সারভাইভর/নমিনি আছে তারা ঐ প্রাপ্ত ব্যক্তির কাছে আবেদন করে যাতে হস্তান্তরযোগ্য দলিল মারফৎ অথবা ই-সি-এস পদ্ধতি উপযুক্ত ব্যক্তিকে প্রদানের জন্য।

৫। <u>সেফ ডিপোজিট লকার / সেফকাস্টাডি আর্টিকেলের ক্ষেত্রে অধিগতকরন</u>

মৃত লকার হায়ারার/সেফকাস্টডি আর্টিকেলের ডিপোজিটরদের নমিনি (যেখানে একটি নমিনেশন করা হয়েছে ) এবং সারভাইভর (যেখানে লকার/সেফকাস্টডি আর্টিকল সারভাইভরগন কতৃক অধিকরন যোগ্য ছিল ) দের অনুরোধের ভিত্তিতে লকার/সেফকাস্টডি আর্টিকল হোল্ডারগনের মৃত্যুর পর কোন লেনদেনের বা অধিগ্রহন করনের ক্ষেত্রে ব্যাংকগুলিকে ঐ ডিপোজিট অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রয়োজনীয় পূর্ববর্তী আইন সমূহকে মেনে চলতে বলা হচ্ছে। এ বিষয়ে সম্পুর্ন বিধিবদ্ধ পৃথক ভাবে ঘোষিত হবে ।

৬। <u>দাবী প্রতিষ্ঠার সময়সীমা</u>

বিনিয়োগকারীর মৃত্যূর যথাযথ প্রমান সমন্বিত এবং দাবীদারের ব্যাংক কর্তৃক গ্রহনযোগ্য যথাযথ পরিচয়তপত্র সহ উত্তরাধিকারের দাবী সংক্রান্ত নথি গ্রহনের <u>অনধিক পনের দিনের মধ্যে তাদের সারভাইভার/নমিনিদের</u> ব্যাংকগুলিকে এ বিষয়ে সমস্ত প্রদেয় মিটিয়ে দিতে বলা হচ্ছে। এই নির্দিষ্ট সময়ের মধ্যে মৃত ডিপোজিটর/লকার হায়ারার/সেফকাস্টডি আর্টিকাল অ্যাকাউন্ট হোল্ডার গনের দাবীকৃত উত্তরাধিকারের সংখ্যা এবং বিশেষ কারনে প্রদেয় স্থগিত রাখার ঘটনা ব্যাংককে তাদের বোর্ডের উপভোক্তা পরিষেবা কমিটিকে জানাতে বলা হচ্ছে।

৭। <u>ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট ১৯৪৯ এর প্রস্তাব</u>

এই যোগাযোগের বিষয়ে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯ এর সেকশন 452Aথেকে 452F এবং ব্যাঙ্কিং কোম্পানি (নোমিনেশন) রুলস, ১৯৮৫ এর প্রস্তাবের প্রতি আকর্ষন করা হচ্ছে।

৮। <u>সরলীকৃত অপারেশনাল সিস্টেম/প্রসিডিওর</u>

বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে মৃত উপভোক্তাগনের উত্তরাধিকার সংক্রান্ত দাবীদাওয়ার ব্যাপারে সারকুলারটিতে নির্দেশিত ব্যাংকগুলির করনীয় নির্দেশ গুলির সঙ্গে ঘনিষ্ঠ ভাবে ইন্ডিয়ান ব্যাংক অ্যাসোসিয়েশন -এর একটি মডেল অপারেশনাল প্রসিডিওর তৈরীর নির্দেশ দিয়েছে। নিজস্ব বোর্ড কর্তৃক মৃত উপভোক্তার উত্তরাধিকার বিষয়ে একটি সরল কর্মসূচী / নিয়মাবলী প্রকাশের জন্য ব্যাংকগুলিকে তাদের মৃত উপভোক্তার (উদা-ডিপোজিটর / লকার-হায়ারার / সেফকাস্টডিতে ডিপোজিটর ) উত্তরাধিকার বর্তমানে প্রচলিত নিয়ম এবং পদ্ধতি সমূহের সাথে প্রস্তাবিত নিয়ম এবং পদ্ধতি সমূহের একটি তূলনামূলক বিচার করতে বলা হচ্ছে । যাতে ইন্ডিয়ান ব্যাংক অ্যাসোসিয়েশন কর্তৃক গৃহীত মডেল অপারেশনাল প্রসিডিওর এর সঙ্গে পূর্ববর্তী নির্দেশ গুলিকে মিলিয়ে একটি প্রয়োগ যোগ্য সংবিধি বদ্ধ প্রস্তাব গ্রহন করা যায়।

**৯। <u>উপভোক্তা গাইডেন্স এবং পাবলিসিটি</u>**

ডিপোজিট অ্যাকাউন্ট হোল্ডারগনের নোমিনেশন এবং সারভাইভরশিপের সুবিধাকে বিশদ ভাবে ব্যাখ্যা করে ব্যাংকগুলিকে ব্যাপক পাবলিসিটি এবং গাইডেন্স করার ব্যাপারে বলা হচ্ছে । এটা পাবলিসিটির বিষয় হবে যে , সারভাইভরশপ অ্যাকাউন্টের ক্ষেত্রে একজন জয়েন্ট অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যুতে অপর জনের বিনিয়োগ কোন ভাবেই প্রভাবিত হবে না ।

১০। মৃত বিনিয়োগকারীর সারভাইভর / নমিনি প্রভৃতি বিষয়ে উপভোক্তা পরিষেবার উন্নতি করন ঘটাতে উপরোক্ত নির্দেশগুলিকে যথেষ্ট গুরুত্বের সঙ্গে দেখতে হবে ।

১১। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার পত্র পাঠান ।

ইতি ভবদীয়

(আনন্দ সিনহা)
চিফ জেনারেল ম্যানেজার-ইন-চার্জ